

এই আমি সরে দাঁড়ালাম রমিত দে

হয়ত দেখা হবে
 যা হবার হোক
 জামাটা গলিয়ে নিয়ে সিঁড়ি দিয়ে নেমে এলেই
 ভুলে যাব অ্যাশট্রেতে একগাছা চুল,
 রীতেশের চোখ চুল আমি বুঝতে পারছি না
 বুঝছে পারছি না ঠিক কত স্কোয়ার ফিট-এ ছড়িয়ে রয়েছে
 আমার হাড়গোড়-মৃত্যু-প্রেম...
 আমার খিদে পায় খুব ঘুম পায় খুব কান্না পায়
 তবে কিছুই পাচ্ছে না;
 মেঝেময় ছড়িয়ে ছিটিয়ে থাকা কয়েকটা কড়ে আঙুল
 কয়েকটা চোখের পাতা
 ঢকঢক করে এক গ্লাস জল খেয়ে
 ডাইলিযুট করে নিচ্ছি পচে যাওয়া ৩৪ টা বছর
 আর আইনস্কে তুমি আর রীতেশ
 আর কোন জামরুল গাছ নেই
 গাছ ভর্তি বাড়ি একটাও দরজা নেই
 এই অনেকটা দিন আমরা সবাই কেমন
 কাটিয়ে দিলাম হাত নেড়ে নেড়ে
 পাশের লোকের থেকে সিগারেট চেয়ে
 হাতঘড়িটার ওপর সম্ভাব্য শেষ ঘামটুকু ফেলে
 এই শ্বাসকষ্ট আর মাথাধরা নিয়ে হাওয়াজলে
 কাটিয়ে দিলাম কেমন

এসব জেনে তোমার কি হবে?

সমস্ত স্পর্শতো আমি রেখে এসেছি খালি জুতোর বাক্সে
 উঁকি মারছে স্নায়ু, খসে যাচ্ছে আলজিভ
 এই দুপুর এই রাত্রি এই আমি
 সরে দাঁড়ালাম নিরক্ষর দ্বিধার পাশে
 উড়ে যাও উড়ে যাও চিরটাকালের দিকে
 আর আমি সবুজ আত্মার পেছন পেছন ছুটি